C:\Users\ICB_HRMD\Desktop\Paper Circular.doc

**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল: ১৪)**
**৮ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা।**
**www.icb.gov.bd**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

নং-৫৩.১৩.০০০০.০০৯.১৭.০০১.২২.২৫২

# নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখ: ৩০ চৈত্র ১৪২৮ / ১৩ এপ্রিল ২০২২

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)-এর নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট হতে online- এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র.নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত ও প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | কম্পিউটার অপারেটর | ০১টি | গ্রেড- ১৪ (১০২০০-২৪৬৮০/-) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;<br>(খ) এমএস অফিস সুইটস- এ দক্ষতা এবং ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর এর কাজের অভিজ্ঞতা থাকতে হবে; এবং<br>(গ) সংশ্লিষ্ট অ্যাপটিটিউট টেস্টে উত্তীর্ণ হতে হবে। |
| ২. | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | ২৩টি | গ্রেড- ১৬ (৯৩০০-২২৪৯০/-) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি: (অ) ইংরেজি: ২৫ (পঁচিশ) শব্দ; (আ) বাংলা: ২০ (বিশ) শব্দ থাকতে হবে; এবং<br>(গ) এমএস অফিস সুইটস- এর কাজে দক্ষতা থাকতে হবে। |
| ৩. | ক্যাশিয়ার | ০৫টি | গ্রেড- ১৬ (৯৩০০-২২৪৯০/-) | কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৪. | অফিস সহায়ক | ০৭টি | গ্রেড- ২০ (৮২৫০-২০০১০/-) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

০২। **২৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. তারিখে বয়স:**
(ক) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ বৎসর;
(খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ বৎসর; এবং
(গ) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩। **আবেদনপত্র দাখিলের সময়সীমা:** ১৩.০৪.২০২২ খ্রি. হতে ১২.০৫.২০২২ খ্রি. তারিখ পর্যন্ত।

০৪। আগ্রহী প্রার্থীগণকে নির্ধারিত সময়ের মধ্যে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর ওয়েবসাইটে (http://www.icb.org.bd/career) Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।

০৫। **আবেদন ফি:** আবেদনকারীকে ১-৩ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য আবেদন ফি বাবদ ২০০.০০ (দুইশত) টাকা (অফেরতযোগ্য) এবং ৪ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য আবেদন ফি বাবদ ১০০.০০ (একশত) টাকা ই-পেমেন্ট গেটওয়ে SSLCOMMERZ-এর মাধ্যমে (বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর অনুকূলে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, আবেদন ফি প্রদানে amex এবং Qcash এর ক্ষেত্রে অনলাইন সার্ভিস চার্জ ৩.৫০% এবং অন্য সকল পেমেন্ট চ্যানেলে অনলাইন সার্ভিস চার্জ ২.৫০% প্রযোজ্য হবে। আবেদনপত্র দাখিলের পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে (সরকারি ছুটির দিনসহ) প্রযোজ্য ফি জমা প্রদান করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে।

০৬। O' Level এবং A' Level এর ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে। প্রত্যেক আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়ে ভুল তথ্য প্রদান করলে বা কোনো তথ্য গোপন করলে, কর্পোরেশনে নিয়োগপ্রাপ্ত হওয়ার পর অপ্রদর্শিত সার্টিফিকেট পরবর্তীতে গ্রহণযোগ্য হবে না।

০৭। Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ প্রার্থী কর্তৃক অবশ্যই উল্লেখ করতে হবে।

০৮। অনলাইনে আবেদন করার সময় Application Form পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলি কর্পোরেশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রার্থী কর্তৃক Tracking Number ও Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং Online Application Form টি ডাউনলোড করতে হবে।

০৯। প্রার্থীগণকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের নিকট থেকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিলের জন্য আহবান করা হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাইয়ান্তে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সুযোগ দেয়া হবে।

১০। চাকুরিরত প্রার্থীগণ তাঁদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন এবং লিখিত পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিসহ ০৯ নং ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে।

১১। আবেদনের সময় প্রদত্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার পূর্বে জমা প্রদান করতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করেন সেক্ষেত্রে উক্ত স্থায়ী ঠিকানার সনদপত্র দাখিল করতে হবে।

১২। Online আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীর সদ্য তোলা Formal রঙিন ছবি (300×300) pixel, file size 100 KB ও স্বাক্ষর (300×80) pixel, file size 50 KB মানের ছবি ও স্বাক্ষর স্ক্যান করে upload করতে হবে। ছবি ও স্বাক্ষর এর ব্যাকগ্রাউন্ড অবশ্যই সাদা হতে হবে।

১৩। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিদ্যমান সকল নীতিমালা অনুসরণ করা হবে।

১৪। অসম্পূর্ণ/ভুল/ত্রুটিপূর্ণ তথ্য সম্বলিত আবেদন কিংবা প্রার্থী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র জাল/মিথ্যা প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন/প্রতারণার আশ্রয় নিলে উক্ত প্রার্থীর সাথে কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে। কোনো প্রকার তদবির/ সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৫। প্রার্থীগণকে MCQ Test এবং/বা লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১৬। নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য সময় সময় কর্পোরেশনের ওয়েবসাইটে (http://www.icb.org.bd/career) প্রকাশ করা হবে।

১৭। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো/সকল আবেদন বাতিল, পদ সংখ্যা বৃদ্ধি/হ্রাস এবং নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার চূড়ান্ত অধিকার সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-
**(বিভাস সাহা)**
উপ-মহাব্যবস্থাপক
অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন
ফোন : ২২৩৩৫১৮৫৭